

উপজেলা পরিষদ কার্যালয়
দাগনভূঞা, ফেনী।

৫ম উপজেলা পরিষদের ৫১তম মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোহাম্মদ দিদারুল কবির, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাগনভূঞা, ফেনী।
সভার তারিখ : ২৯.১০.২০২৩ খ্রি., সময়ঃ বেলা-১১:৩০ টা।
সভার স্থান : অফিসার্স ক্লাব মিলনায়তন, দাগনভূঞা, ফেনী।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট "ক" তে দেখানো হয়েছে

সভাপতি সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় ধারাবাহিকভাবে নিম্নবর্ণিত বিষয়াদির উপর আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রমিক	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	<p>উপজেলা প্রকৌশলী সভায় তার কার্যক্রম নিম্নবর্ণিতভাবে উপস্থাপন করেনঃ</p> <p>১। ২০২৩-২৪ অর্থ বছরের পল্লী সড়ক ও কালভার্ট মেরামত কর্মসূচির আওতায় মোট ০৯ (নয়) টি স্কীমের চূড়ান্ত অনুমোদন পাওয়া গিয়েছে এবং ০৭ (সাত) টি স্কীমের কাজ সমাপ্ত হয়েছে। অবশিষ্ট ০২ (দুই) টি স্কীমের কাজ চলমান আছে।</p> <p>২। চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৪) এর আওতায় গৃহীত ১৭ (সতের) টি স্কীমেরই কাজ সমাপ্ত হয়েছে এবং ২০২৩-২৪ অর্থবছরে ০১ (এক) টি স্কুলের নির্মাণ কাজের অনুমোদন পাওয়া গিয়েছে। ০৬ (ছয়) টি স্কুলের প্রধান শিক্ষকের অফিসকক্ষ নির্মাণ কাজের দরপত্র আহবান করা হয়েছে।</p> <p>৩। UGDP প্রকল্পের আওতায় বৈরাগির বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয় ও চাঁদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় কক্ষ নির্মাণ কাজের জন্য দরপত্র আহবান করা হয়েছে।</p> <p>৪। উপজেলা পরিষদের সম্প্রসারিত প্রশাসনিক ভবন ও হলরুম নির্মাণ কাজ চলমান আছে। কাজের অগ্রগতি ১০০%।</p> <p>৫। দাগনভূঞা আহমদিয়া হাফেজিয়া এতিমখানা মাদ্রাসা ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। কাজের ভৌত অগ্রগতি ৯০%।</p> <p>৬। ২০২৩-২০২৪ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের অর্থে ৩,০০,০০,০০০/- টাকায় ১০২টি প্রকল্প এবং বার্ষিক উন্নয়ন কর্মসূচির ১ম কিস্তির বরাদ্দ হতে ১৪,১৫,০০০/- টাকায় ০৮টি প্রকল্প গ্রহণ করা হয় (পরিশিষ্ট-খ)।</p> <p>৭। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের দেশব্যাপী গ্রামীণ বাজার অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) এর স্মারক নং-৪৬.০২.০০০০.৯২২.৯৯.১০.১৮-৬০২, তারিখ : ০৩/১০/২০২৩ খ্রি. মূলে দাগনভূঞা উপজেলার ০২টি বাজারে বহুতল বিশিষ্ট মার্কেট ভবন নির্মাণ বিষয়ে প্রস্তাব ডিপিপিভুক্ত করার জন্য পত্র পাওয়া যায়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পাস্বর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>এছাড়া এলজিইডির বিভাগীয় কার্যক্রম যথারীতি চলমান আছে।</p>	<p>১। বিভিন্ন খাতের অর্থে গৃহীত প্রকল্পসমূহ গুনগত মান বজায় রেখে যথাসময়ে সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</p> <p>২। দাগনভূঞা উপজেলার মাতুভূঞা বাজার ও কোরাইশমুঙ্গী বাজারে বহুতল বিশিষ্ট মার্কেট ভবন নির্মাণ ডিপিপিভুক্ত করার জন্য প্রস্তাব প্রেরণের নিমিত্ত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>চেয়ারম্যান উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্টগণ।</p>
০২	উপজেলা পরিচালন ও উন্নয়ন	<p>ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, দাগনভূঞা জানান, বিভাগীয় কার্যক্রম বিধি মোতাবেক স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</p>	<p>বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।</p>	<p>ইউডিএফ, ইউজিডিপি প্রকল্প</p>
০৩	দুর্যোগ ব্যবস্থাপনা শাখা	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ১ম পর্যায় উপজেলা ভিত্তিক বরাদ্দকৃত চাউল- ২১.২৯৯৮ মে. টন, বিতরণ/ব্যয় ৮.০০ মে.টন, প্রকল্প সংখ্যা ০৯টি, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) ১ম পর্যায় উপজেলা ভিত্তিক বরাদ্দকৃত গম ২১.২৯৯৮ মে. টন, বিতরণ/ব্যয় ৮.০০ মে. টন, প্রকল্প সংখ্যা ০৯টি, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) বিশেষ নগদ অর্থ (১ম পর্যায়) প্রাপ্ত বরাদ্দ ৫৪,০০,০০০/- টাকা, ব্যয় ১০,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) বিশেষ খাদ্য শস্য (১ম পর্যায়) প্রাপ্ত বরাদ্দ চাল ২৫,০০০ মে. টন, ব্যয় ১০,০০০ মে. টন, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) বিশেষ খাদ্য শস্য (১ম পর্যায়) প্রাপ্ত বরাদ্দ গম ২৫,০০০ মে. টন, ব্যয় ১০,০০০ মে. টন, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) নির্বাচনী এলাকা ভিত্তিক নগদ অর্থ (১ম পর্যায়) বরাদ্দ ৪৫,৯৩,২০০/- টাকা, ব্যয় ৫,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি ১৫%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) উপজেলা ভিত্তিক নগদ অর্থ (১ম পর্যায়) বরাদ্দ ৩১,৯৫,৯১৬.৮১ টাকা, ব্যয় ৮,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা) উপজেলা ভিত্তিক নগদ অর্থ (১ম পর্যায়) বরাদ্দ ৪৪,১৪,৮৯০.৩৪/- টাকা, ব্যয় ১০,০০,০০০/- টাকা, কাজের অগ্রগতি ২০%। গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন (টি.আর) জেলা প্রশাসক, ফেনী মহোদয়ের বরাদ্দ হতে (৩য় পর্যায়) বরাদ্দ ৪,০০,০০০.০০/- টাকা, ব্যয় ২,০০,০০০/- টাকা কাজের অগ্রগতি ২০%।</p>	<p>কাজের গুনগত মান বজায় রাখার নিমিত্ত নিয়মিত প্রকল্প এলাকা পরিদর্শন ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p>	<p>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা।</p>